মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০,০২৯৯৬৬৬৩৩৩৩

E-mail :chairmanbisemym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd


## এসএসসি পরীক্ষা ২০২৬-এর ফলাফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলী:

## আবেদন করার তারিখ: ১১/০৮/২০২৬ থেকে ১৭/০৮/২০২৬ তারিখ পর্যন্ত

- https://rescrutiny.eduboardresults.gov.bd এ গিয়ে নির্ধারিত স্থানে রোল,রেজিষ্ট্রেশন নম্বর পূরণ করতে হবে এবং ড্রপ ডাউন থেকে বোর্ড নির্বাচন করতে হবে। অত:পর সাবমিট বাটনে ক্লিক করতে হবে।
- এরপর মোবাইল নম্বর দিতে হবে। পুন:নিরীক্ষণের ফলাফল প্রকাশিত হলে এই নম্বরে এসএমএস পাঠানো হবে।
- পরবর্তী স্ক্রিনে শিক্ষার্থীর বিষয়ভিত্তিক ফলাফল দেখা যাবে। এক বা একাধিক বিষয়ে ফলাফল পুন:নিরীক্ষণের জন্য বিষয়সমূহ নির্বাচন করে **"ফি প্রদান করুন"** বাটনে ক্লিক করতে হবে।
- প্রতি পত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) হারে ফি প্রযোজ্য হবে। দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয়পত্রের আবেদন করতে হবে।
- পরবর্তী স্ক্রিনে প্রদেয় ফি-এর পরিমাণ দেখা যাবে। **বিকাশ,নগদ,সোনালী সেবা**-এর মাধ্যমে ফি পরিশোধ করা যাবে। ফি পরিশোধের বিস্তারিত ধাপসমূহ উপরেউল্লেখিত পোর্টালের **"হেল্প"** বাটনে ক্লিক করে দেখে নেওয়া যাবে।
- ফি পরিশোধ করে আবেদন পোর্টালে এসে **"জমা দিন"** বাটনে ক্লিক করতে হবে।
- উল্লেখ্য যে, ফি প্রদান করে একবার আবেদন জমা দেওয়ার পরে আরও বিষয় যুক্ত করতে চাইলে একইভাবে তা করা যাবে। তবে এক্ষেত্রে নতুনভাবে মোবাইল নম্বর দেওয়ার প্রয়োজন হবে না।
- এছাড়া ফি পরিশোধের আগেই যদি আবেদন পরিবর্তন বা পরিমার্জনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে **"মুছে ফেলুন"** বাটনে ক্লিক করে নির্বাচিত বিষয়গুলো (যেগুলোর জন্য এখনো ফি প্রদান করা হয়নি) প্রত্যাহার করা যাবে এবং নতুন করে বিষয় নির্বাচন করা যাবে। তবে একবার ফি জমা দিলে আবেদনকৃত বিষয়গুলো আর বাতিল করা যাবেনা এবং কোন অবস্থাতেই ফি ফেরত দেয়া হবে না।
- **ম্যানুয়াল কোন আবেদন গ্রহণ করা হবে না।**

১০/০৮/২০২৬


**প্রফেসর মোঃ শাহাদত উল্লাহ**

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২